

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর  
আইসিটি শাখা

জেলা ইনোভেশন টিমের ফেব্রুয়ারি/১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি	মো: মোস্তাফিজুর রহমান অতিরিক্ত জেলা প্রশাসক
সভার তারিখ	১৭ ফেব্রুয়ারি, ২০১৯ খ্রিঃ
সভার সময়	বিকাল ৩:০০ টা
স্থান	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক" (স্বাক্ষরের ক্রমানুসারে)

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্যে বর্তমান সরকার রূপকল্প-২০২১ ঘোষণা করেছেন। এ রূপকল্প বাস্তবায়নের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের অধীন একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম দেশ ব্যাপী নানামুখী উদ্যোগ গ্রহণ করেছে। দেশের প্রান্তিক ও দরিদ্র জনগোষ্ঠী যাতে সহজে, দ্রুত এবং স্বল্প ব্যয়ে সরকারি এবং বেসরকারি সেবাসমূহ গ্রহণ করতে পারে, সে লক্ষ্যে নতুন নতুন সেবা উদ্ভাবন এবং তার প্রসারের নিমিত্তে জেলা ও উপজেলা ইনোভেশন টিমসমূহ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।

অতঃপর পিরোজপুর জেলায় নতুন ও চলমান পাইলট উদ্ভাবনী উদ্যোগ সমূহের প্রতিবেদন বিষয়ে সভায় উপস্থাপন করার জন্য সহকারী কমিশনার (আইসিটি), পিরোজপুরকে অনুরোধ জানানো হয়।

ক) নতুন উদ্যোগসমূহ:

ক্রম	উদ্ভাবনী উদ্যোগের নাম	উদ্ভাবকের নাম ও পদবী	পাইলটের স্থান	উদ্ভাবনের সংক্ষিপ্ত বিবরণ
১	পলিথিন ব্যাগ বিসর্জন-চটের ব্যাগের প্রচলন	জনাব সালমা জাহান জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পিরোজপুর	সকল উপজেলা	প্রতিদিনের ক্রয়কৃত দ্রব্যাদি পলিথিন ব্যাগে বহন করা বর্জন করে পাটজাত ব্যাগ ব্যবহার করে স্থায়ী, স্বাস্থ্যকর ও সৌন্দর্যমন্ডিত ব্যাগ ব্যবহার করে নিজেকে তথা পরিবেশকে বাঁচাতে জনসচেতনতা বৃদ্ধি করা

খ) চলমান পাইলট উদ্যোগের প্রতিবেদন:

ক্রম	উদ্ভাবনী উদ্যোগ	উদ্ভাবকের নাম ও পদবী	পাইলটের স্থান	অগ্রগতি
১	ডিজিটাল আইসিটি ল্যাব স্থাপনের মাধ্যমে আইসিটি দক্ষ জনশক্তি তৈরী	জনাব মোঃ মোস্তাফিজুর রহমান অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) পিরোজপুর	জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর	প্রশিক্ষার্থী সংগ্রহ করা হচ্ছে
২	জমির উর্বরতা নিরূপনে মাটি পরীক্ষা সহজীকরণ	জনাব আলী আজিম শরীফ উপজেলা কৃষি অফিসার কাউখালী, পিরোজপুর	উপজেলা কৃষি অফিস কাউখালী	বিভিন্ন এলাকার মাটি পরীক্ষার জন্য সংগ্রহ কর হচ্ছে
৩	সেলাই প্রশিক্ষণের মাধ্যমে নারীদের স্বাবলম্বীকরণ	জনাব সালমা জাহান জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা পিরোজপুর	সকল উপজেলা	প্রশিক্ষণ চলমান

উপরোক্ত বিষয় সমূহ সবিস্তরে আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ সর্বসম্মতিক্রমে গ্রহণ করা হয়:

১। জেলায় অবস্থিত সকল সরকারি দপ্তরের জনবলকে আইসিটিতে দক্ষ করে গড়ে তোলার লক্ষ্যে নিজ নিজ

ব্যবস্থাপনায় প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে।

২। সকল সরকারি দপ্তর হতে কমপক্ষে একটি করে সেবা সহজীকরণ উদ্ভাবনী আইডিয়া ইনোভেশন টিমের নিকট দাখিল করার জন্য সকল কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।

৩। সফলভাবে সমাপ্ত পাইলট উদ্যোগসমূহ অন্যান্য উপজেলায় বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের অনুরোধ জানানো হয়।

৪। পিরোজপুর জেলার গৃহীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা যথাসময়ে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানানো হয়।

৫। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি মূল্যায়ন নির্দেশিকা, ২০১৮-২০১৯ এর আলোকে উপজেলা পর্যায়ে বার্ষিক উদ্ভাবন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন অগ্রগতির অর্থ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন জেলা পর্যায়ে ইনোভেশন টিমের নিকট নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল)-কে অনুরোধ জানানো হয়।

পরিশেষে সভাপতি বলেন তথ্য প্রযুক্তি সাধারণ মানুষের কাছাকাছি নিয়ে যেতে হলে সমস্যা থাকা সত্ত্বেও কাজ এগিয়ে নিতে হবে। পর্যায়ক্রমে উপস্থাপিত সমস্যা সমূহ সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করার অনুরোধ জানান পরিশেষে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে সকলের আন্তরিক সহযোগিতা কামনা করে সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: মোস্তাফিজুর রহমান  
অতিরিক্ত জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.১০.৭৯০০.০২১.০৬.০০২.১৬.৪১

তারিখ: ৫ ফাল্গুন ১৪২৫

১৭ ফেব্রুয়ারি ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল
- ৩) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রাম
- ৪) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব এর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৫) পুলিশ সুপার, পিরোজপুর
- ৬) উপ পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
- ৭) সিভিল সার্জন, পিরোজপুর
- ৮) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, জেলা পরিষদ, পিরোজপুর
- ৯) অধ্যক্ষ, পিরোজপুর
- ১০) অধ্যক্ষ, পিরোজপুর
- ১১) মেয়র,, পিরোজপুর
- ১২) চেয়ারম্যান, ....., পিরোজপুর
- ১৩) নির্বাহী প্রকৌশলী, পিরোজপুর
- ১৪) উপ-পরিচালক, পিরোজপুর
- ১৫) উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর
- ১৬) ....., পিরোজপুর

মো: মোস্তাফিজুর রহমান  
অতিরিক্ত জেলা প্রশাসক